# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 08-03-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে পূর্ণাঙ্গ নির্বাচন কমিশন আজ রাজ্যে আসছে।

২) আসন্ন নির্বাচনে রাজ্যে মোট ৮০ হাজার ৭-শো ১৯-টি বুথে ভোটগ্রহণ হতে চলেছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

৩) রাজ্যের ৯-টি জায়গায় আজ আরও এক দফায় বিজেপি-র পরিবর্তন যাত্রার সূচনা। উপস্থিত থাকছেন কেন্দ্রীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা।

৪) সারা দেশের সঙ্গে এরাজ্যও আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবসের উদযাপন।

নারী দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর।

৫) কলকাতায় রাজ্যস্তরীয় মাই ভারত যুব স্বেচ্ছাসেবক সম্মেলনে যোগ দিয়ে বিকশিত ভারত গঠনে নেতৃত্ব দিতে দেশের যুব সমাজের প্রতি আহ্বান কেন্দ্রীয় ক্রীড়া ও যুবকল্যাণমন্ত্রী মনসুখ মান্ডভিয়ার।

৬) টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেট ফাইনালে আজ মুখোমুখি ভারত ও নিউজিল্যান্ড।

কলকাতা সহ সারা রাজ্যে ব্যাপক উন্মাদনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ এরাজ্যে আসছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ আজ রাত সওয়া ৮ টা নাগাদ কলকাতা বিমানবন্দরে পৌঁছবেন। বিমানবন্দরে মুখ্য নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার সহ পূর্নাঙ্গ বেঞ্চকে স্বাগত জানাবেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। আগামীকাল ৯ই মার্চ সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত নির্বাচন কমিশন এরাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসবে। রাজারহাটে আয়োজিত ওই বৈঠকে BJP, BSP, CPI(M), কংগ্রেস, আম আদমি পার্টি ও NPP (ন্যাশানাল পিপিলস পার্টি) সহ জাতীয় স্তরে স্বীকৃত ৬টি এবং তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক সহ রাজ্যস্তরে স্বীকৃত এই দুটি দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

(বাইট – আগরওয়াল)

ওই বৈঠকে যোগদানের জন্য ইতিমধ্যে সংশ্লিষ্ট দলগুলিকে আমন্ত্রণ পাঠানো হয়েছে। ঐদিন সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিটি রাজনৈতিক দলের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ করা হয়েছে। ওইদিন কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলির নোডাল অফিসরাদের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে রাজ্য পুলিশের IG, বিভিন্ন রেঞ্জের DIG, পুলিশ কমিশনার, জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপারদের সঙ্গে আলোচনায় বসবেন।

আগামী মঙ্গলবার ১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ রাজ্যের মুখ্য সচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের ডিজি, SPNO, কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসার

সহ প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। ওইদিনই বুথ লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, মুখ্য নির্বাচন কমিশনার আসার আগেই আজ দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল।

oooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে মোট ৮০ হাজার ৭১৯টি বুথে ভোটগ্রহণ হতে চলেছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর প্রক্রিয়া শুরু হওয়ার সময়ে রাজ্যে বুথের সংখ্যা ছিল ৮০ হাজার ৬৮১টি। পরবর্তীতে এর সঙ্গে নতুন করে ৩৮টি বুথ যুক্ত করা হয়েছে। নির্বাচন কমিশন সূত্রে খবর, এই নতুন বুথগুলির বেশিরভাগই বহুত আবাসন বা হাইরাইজ ভবনে তৈরি করা হয়েছে। কমিশন সূত্রে আরও জানা গিয়েছে, হাইরাইজ ভবনে বুথ তৈরির জন্য প্রথমে মোট ৫৭টি জায়গা চিহ্নিত করা হয়েছিল। পরে পর্যালোচনার পর তার মধ্যে ৩৮টি বুথ চূড়ান্ত করা হয়েছে।

এই ৩৮টি নতুন বুথ যুক্ত হওয়ার ফলে রাজ্যে মোট বুথের সংখ্যা ৮০ হাজার ৬৮১ থেকে বেড়ে দাঁড়িয়েছে ৮০ হাজার ৭১৯-এ। আসন্ন বিধানসভা নির্বাচনে এই বুথগুলিতেই ভোটগ্রহণের ব্যবস্থা করা হবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

উপ-রাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন বলেছেন, রাষ্ট্রপতির পদ দেশের সর্বোচ্চ সাংবিধানিক পদ এবং সর্বদা যথাযথ মর্যাদা, প্রোটোকল ও সম্মান পাওয়া উচিত। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি উল্লেখ করেছেন, পশ্চিমবঙ্গে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সফরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে যে ঘাটতি দেখা গেছে তা দুর্ভাগ্যজনক। তিনি রাষ্ট্রপতির পদমর্যাদার পবিত্রতা সর্বদা বজায় রাখার উপর জোর দিয়েছেন।

পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকার সমস্ত সীমা লঙ্ঘন করেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। রাষ্ট্রপতির প্রতি অসম্মানের জন্য রাজ্য প্রশাসনকে দায়ী করেছেন প্রধানমন্ত্রী। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি লেখেন, রাষ্ট্রপতির পদ রাজনীতির ঊর্ধ্বে এবং এই পদের গরিমা সর্বদা রক্ষা করা উচিত। সাঁওতাল সংস্কৃতির মতো গুরুত্বপূর্ণ একটি বিষয়কে পশ্চিমবঙ্গ সরকার এত হালকাভাবে দেখছে যা অত্যন্ত দুর্ভাগ্যজনক।শ্রী মোদী লেখেন, রাষ্ট্রপতি এ ব্যাপারে যে দুঃখ ও আশঙ্কা প্রকাশ করেছেন,তাতে দেশবাসী মর্মাহত। পশ্চিমবঙ্গ সরকার ও তৃণমূল কংগ্রেসের শুভবুদ্ধির উদয় হবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন।

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর পদের অবমাননা করে তৃণমূল কংগ্রেস কার্যত সমগ্র আদিবাসী সমাজকে অপমানিত করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে দলের সংসদ খগেন মুর্মু বলেন, সাঁওতাল দিবসের অনুষ্ঠানে যোগ দিতে রাষ্ট্রপতি, এ রাজ্যে এসেছিলেন। তিনি শুধু আদিবাসী সমাজের প্রতিনিধি নন, সর্বজন শ্রদ্ধেয়। বিজেপি সারা দেশে আদিবাসীদের জল,জমি, জঙ্গল রক্ষার জন্য কাজ করলেও পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস সরকার তাদের বঞ্চিত করছে।

(বাইট - খগেন মুর্মু)

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতির অভ্যর্থনায় কোন প্রটোকল বিঘ্নিত হয়নি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। গতরাতে এক্স হ্যান্ডলে পোস্ট করে তিনি জানান, রাষ্ট্রপতির কর্মসূচির আয়োজক 'আন্তর্জাতিক সাঁওতাল কাউন্সিল' একটি বেসকরকারি সংস্থা। তাঁর কর্মসূচির বিষয়েও রাষ্ট্রপতির সচিবালয়ের সঙ্গে জেলা প্রশাসন সমন্বয় রক্ষা করেছিল। পর্যাপ্ত প্রস্তুতি নেই বলে রাষ্ট্রপতির সচিবালয়কে জানানো হলেও কর্মসূচি অপরিবর্তিত রাখা হয়।

**শনিবার শিলিগুড়ির মেয়র, দার্জিলিংয়ের জেলাশাসক সকলেই রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানাতে হাজির ছিলেন।**

oooooooooooooooooooooo

বিজেপির পরিবর্তন যাত্রা কর্মসূচিতে আজ ৯টি জায়গায় সভা হবে। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, **বিজেপি সাংসদ অনুরাগ ঠাকুর** আজ দুপুর **১২**টায় নৈহাটিতে পরিবর্তন যাত্রা ও জনসভায় উপস্থিত থাকবেন। **কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র দুবে** দুপুর তিনটের সময় পুরুলিয়ার মানবাজারে পরিবর্তন যাত্রা এবং জনসভায় অংশ নেবেন। অপর **কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বি এল ভার্মা** বিকেল পাঁচটায় কালনায় পরিবর্তন যাত্রায় যোগদান করবেন ও জনসভায় বক্তব্য রাখবেন। অন্যদিকে বিহারের **উপমুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী** জলপাইগুড়ির মাল বিধানসভা কেন্দ্রে পরিবর্তন যাত্রা ও জনসভায় অংশ নেবেন। সবকটি কর্মসূচিতেই উপস্থিত থাকবেন বিজেপির রাজ্য নেতৃত্ব।

oooooooooooooooooooooo

**বিশ্বজুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক নারী দিবস পালিত হচ্ছে। নারীর সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, সাংস্কৃতিক অধিকারের প্রতিষ্ঠা করার লক্ষ্যে বিশ্বজুড়ে দিনটি উদযাপিত হয়ে থাকে।**

**একটি প্রতিবেদন-**

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেশে মহিলাদের বিকাশের সহায়ক পরিমণ্ডল সৃষ্টি ও সুরক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছেন। আন্তর্জাতিক নারীদিবস উপলক্ষে দিল্লির মানেকশ সেন্টারে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন,আন্তর্জাতিক নারী দিবসে প্রতিটি

ব্যক্তির শিক্ষা ও সমানাধিকার সুনিশ্চিত করে মহিলাদের বিকাশ ও সুরক্ষায় সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে।

oooooooooooooooooooooo

উপ-রাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে সকল নারীকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, নারীর শক্তি ও সহনশীলতা সমাজ এবং জাতির ভবিষ্যৎকে গড়ে তুলছে। ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও আন্তর্জাতিক নারী দিবসে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।

oooooooooooooooooooooo

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায়, রাজ্য সরকারের কন্যাশ্রী, রূপশ্রী , আনন্দধারা সহ বিভিন্ন প্রকল্পের উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেছেন, বাংলার প্রতি টি মেয়ে বাংলায় গর্ব, সমাজের প্রতি স্তরে তাদের অবদান অবিস্মরণীয়।

oooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে সুবোধ মল্লিক স্কোয়ার থেকে মেট্রো চ্যানেলের ধরনা মঞ্চ পর্যন্ত একটি মিছিল করে। মিছিলে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, শশী পাঁজা সহ দলের অন্যান্য মহিলা কর্মী সমর্থকেরা। রান্নার গ্যাসের মূল্যবৃদ্ধির প্রতিবাদে কালো পোশাক পরে এ দিন মিছিলে হাঁটেন মহিলারা।

oooooooooooooooooooooo

হায়দ্রাবাদে কাজে গিয়ে মুর্শিদাবাদের এক পরিযায়ী শ্রমিকের মৃত্যু হয়েছে। গতকাল দুপুরে রাইস মিলে কাজ করার সময় নয়ন শেখ নামে বছর ২৬-এর ঐ যুবক

উঁচু জায়গা থেকে পড়ে যান। এই ঘটনায় ভগবানগোলা থানার বাগডাঙ্গা গ্রামে ঐ যুবকের বাড়িতে শোকের ছায়া নেমে এসেছে। তাঁর দেহ ফিরিয়ে আনার চেষ্টা চলছে।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া দেশের যুবসমাজকে বিকশিত ভারত নির্মাণে নেতৃত্ব দেওয়ার জন্য আহ্বান জানিয়েছেন। কলকাতায় আজ রাজ্যস্তরীয় মাই ভারত যুব স্বেচ্ছাসেবক সম্মেলনে যোগ দিয়ে তিনি বলেন,দেশের ১৪০কোটি মানুষ বিকশিত ভারত নির্মাণ করবে। বিকশিত ভারত বানাতে দেশে এক লক্ষ ইয়ং লিডার বা যুব নেতা গড়ে তোলা হবে। তবে সেই যুব নেতা কোনও রাজনৈতিক পরিবার থেকে নয় বরং দেশের প্রান্তিক এলাকার সাধারণ পরিবার থেকে উঠে আসবে। তিনি জানান, এই ইয়ং লিডারদের গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী মাই ভারত প্লাটফর্ম গঠন করেন। যেখানে দুই কোটির বেশি যুবরা নাম নথিভুক্ত করেছে এবং তারা বিভিন্ন ক্ষেত্রে কাজে যুক্ত রয়েছে।

( বাইট-মনসুখ মান্ডভিয়া)

oooooooooooooooooooooo

ক্রিকেট বিশ্বকাপের ফাইনালকে কেন্দ্র করে কলকাতা সহ সারা রাজ্যে ব্যাপক উন্মাদনা তৈরী হয়েছে। আইসিসি পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটের ফাইনালে, গতবারের চ্যাম্পিয়ন ভারত আজ নিউজিল্যান্ডের মুখোমুখি হবে। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা ৭টায়। তৃতীয় বার বিশ্বকাপ দখলের লক্ষ্যে ভারত আজ চতুর্থ ফাইনালে নামছে। অন্যদিকে, প্রথমবার কাপ জয়ের লক্ষ্যে নিউজিল্যান্ড দ্বিতীয়বার ফাইনাল খেলবে।

কোলকাতায় প্রথম সেমিফাইনালে নিউজিল্যান্ড দক্ষিণ আফ্রিকাকে নয় উইকেটে হারিয়ে দেয়। মুম্বাইয়ে দ্বিতীয় সেমিফাইনালে ভারত সাত রানে ইংল্যান্ডকে হারিয়ে ফাইনালের ওঠে।

OOOOOOOOOOOOOOOOOOOO

OOOOOOOOOOOOOOOOOOOO